This Booklet contains **40** printed pages.
এই প্রশ্নপত্রে **40** মুদ্রিত পৃষ্ঠা আছে।

# AF16—XV

**Question Booklet No.** 1002368
প্রশ্ন-পুস্তিকা সংখ্যা

## EXAMINATION—STPGT

## SUBJECT : PHYSICS

Do not open this Question Booklet until you are asked to do so.
এই প্রশ্নপত্র যতক্ষণ খুলতে না বলা হবে ততক্ষণ পর্যন্ত খুলবেন না।

Read carefully all the instructions given at the back page and on the front page of this Question Booklet.
এই প্রশ্নপত্রের শেষ পৃষ্ঠা ও প্রথম পৃষ্ঠায় দেওয়া সমস্ত নির্দেশাবলী মনোযোগসহকারে পড়ুন।

### *Instructions for Candidates*

1. Use **Black Ballpoint Pen only** for writing particulars of this Question Booklet and marking responses on the OMR Answer Sheet.
2. This test is of **2 hours** and **30 minutes** duration and consists of **150** MCQ-type questions. Each question carries 1 mark.
3. There is no negative marking for any wrong answer.
4. Rough work should be done only in the space provided in the Question Booklet for the same.
5. The answers are to be recorded on the OMR Answer Sheet only. Mark your responses carefully since there is no chance of alteration/correction.
6. Use of eraser or whitener is strictly prohibited.
7. Candidates should note that each question is given in bilingual form (English and Bengali). In case of any discrepancy or confusion in the medium/version, the English Version will be treated as the authentic version.

### *পরীক্ষার্থীদের জন্য নির্দেশাবলী*

1. এই প্রশ্নপত্রে লেখার জন্য এবং OMR উত্তরপত্রে উত্তর চিহ্নিত করতে শুধুমাত্র কালো কালির বলপয়েন্ট কলম ব্যবহার করুন।
2. এই পরীক্ষার সময় **2** ঘণ্টা **30** মিনিট। পরীক্ষায় মোট **150**টি MCQ ধরনের প্রশ্ন থাকবে। প্রতিটি প্রশ্নের মূল্যাঙ্ক হবে 1 (এক)।
3. ভুল উত্তরের জন্য কোনও ঋণাত্মক নম্বর থাকবে না।
4. পরীক্ষার্থীকে রাফ ওয়ার্ক করতে হবে শুধুমাত্র কোশ্চেন বুকলেটে (প্রশ্নপত্রে) নির্দিষ্ট করা স্থানে।
5. প্রশ্নের উত্তর শুধুমাত্র OMR উত্তরপত্রে চিহ্নিত করতে হবে। উত্তর চিহ্নিত করার বিষয়ে পরীক্ষার্থীকে সর্বোচ্চ সতর্কতা অবলম্বন করতে হবে। প্রশ্নের উত্তর একবার চিহ্নিত করা হয়ে গেলে কোনও অবস্থাতেই তাকে পরিবর্তন বা সংশোধন করা যাবে না।
6. কালি-মোচনীয় ইরেজার বা সাদা তরল-জাতীয় বস্তুর ব্যবহার সম্পূর্ণরূপে নিষিদ্ধ।
7. পরীক্ষার্থীদের মনে রাখতে হবে যে প্রশ্নপত্রের প্রশ্নগুলি দ্বি-ভাষিক (ইংরাজী ও বাংলা) হবে। এই ক্ষেত্রে ভাষা-মাধ্যম বা ভাষা-সংস্করণে কোনও ধরনের অসঙ্গতি অথবা বোঝার অসুবিধা উপলব্ধ হলে ইংরাজী সংস্করণকেই প্রকৃত শুদ্ধ বলে গণ্য করবেন।

SEAL

Name of the Candidate (in Capitals) : ______________________
পরীক্ষার্থীর নাম (বড় অক্ষরে)

Roll No. : ______________________
রোল নম্বর

OMR Answer Sheet No. : ______________________
OMR উত্তরপত্রের নম্বর

*Full Signature of the Candidate with date*
*পরীক্ষার্থীর সম্পূর্ণ স্বাক্ষর তারিখসহ*

*Signature of the Invigilator with date*
*নিরীক্ষকের স্বাক্ষর তারিখসহ*

**/18**

***Direction*** : Answer the following questions by selecting the correct option.

*নির্দেশিকা* : সঠিক উত্তর নির্বাচন করে নীচের প্রশ্নগুলির উত্তর দাও।

**1.** Two particles are projected simultaneously in the same vertical plane, from the same point, but with different speeds and at different angles to the horizontal. The path followed by one, as seen by the other is

(A) a vertical straight line

(B) a parabolic path

(C) a straight line making a constant angle ($\neq 90°$) with the horizontal

(D) None of the above

**1.** দুইটি বস্তুকণাকে একই বিন্দু হইতে একই উল্লম্বতলে ভিন্ন মানের বেগে অনুভূমিকের সহিত ভিন্ন মানের কোণে প্রক্ষেপ করা হইল। একটি বস্তুকণার সাপেক্ষে অন্য বস্তুকণার গতিপথ হইবে

(A) একটি উল্লম্ব সরলরেখা

(B) একটি অধিবৃত্তাকার পথ

(C) অনুভূমিকের সহিত একটি নির্দিষ্ট কোণে ($\neq 90°$) আনত সরলরেখা

(D) উপরের কোনটিই নয়

**2.** A particle is thrown with a speed $u$ at an angle $\theta$ to the horizontal. When the particle makes an angle $\phi$ with the horizontal, its speed changes to $v$. The relation between $v$ and $u$ is connected by

(A) $v = u\cos\theta$

(B) $v = u\cos\theta\sec\phi$

(C) $v = u\sec\theta \cdot \cos\phi$

(D) None of the above

**2.** একটি বস্তুকণাকে $u$ বেগে অনুভূমিকের সহিত $\theta$ কোণে প্রক্ষেপ করা হইল। কণাটি অনুভূমিকের সহিত যখন $\phi$ কোণ উৎপন্ন করে, তখন উহার বেগ যেন $v$ হয়। $u$ এবং $v$ এর মধ্যে সম্পর্কটি হইল

(A) $v = u\cos\theta$

(B) $v = u\cos\theta\sec\phi$

(C) $v = u\sec\theta \cdot \cos\phi$

(D) উপরের কোনটিই নয়

**3.** The two ends of a train moving with constant acceleration pass a certain point with velocities $u$ and $v$. The velocity with which the middle point of the train passes the same point is

(A) $\frac{u+v}{2}$

(B) $\frac{u^2+v^2}{2}$

(C) $\sqrt{\frac{u^2+v^2}{2}}$

(D) None of the above

**3.** সমত্বরণে গতিশীল কোনো ট্রেনের দুই প্রান্তদেশ একটি নির্দিষ্ট বিন্দুকে $u$ এবং $v$ বেগে অতিক্রম করিল। ট্রেনটির মধ্যবিন্দুটি যে বেগে ঐ বিন্দুটিকে অতিক্রম করিবে তাহা হইল

(A) $\frac{u+v}{2}$

(B) $\frac{u^2+v^2}{2}$

(C) $\sqrt{\frac{u^2+v^2}{2}}$

(D) উপরের কোনটিই নয়

**4.** If a body is thrown vertically upwards from a place having latitude $\phi$, then it will strike the ground at

(A) $\frac{16}{3}\omega h\cos\phi\left(\frac{2h}{g}\right)^{1/2}$ to the west

(B) $\frac{16}{3}\omega h\cos\phi\left(\frac{2h}{g}\right)^{1/2}$ to the east

(C) $\frac{2}{3}\omega h\cos\phi\left(\frac{2h}{g}\right)^{1/2}$ to the west

(D) None of the above

**5.** The force which is always directed away or towards a fixed point and magnitude of which is a function of distance from the fixed centre only, known as

(A) centripetal force

(B) central force

(C) centrifugal force

(D) None of the above

**6.** An artificial satellite revolves about the earth at height $H$ above the surface, the orbital period so that a man in the satellite will be in the state of weightlessness is (take $H << R$, $R$ is earth's radius)

(A) $2\pi\sqrt{g/R}$

(B) $2\pi\sqrt{R/g}$

(C) $\frac{1}{2\pi}\sqrt{R/g}$

(D) None of the above

**7.** The number of degree of freedom of a rigid body is

(A) 3

(B) 6

(C) infinity

(D) None of the above

**4.** একটি বস্তুকে $\phi$ অক্ষাংশের কোনো স্থান হইতে উর্ধ্বদিকে উৎক্ষেপ করা হইলে উহা পৃথিবীপৃষ্ঠকে যে বিন্দুতে আঘাত করিবে, তাহা হইল

(A) $\frac{16}{3}\omega h\cos\phi\left(\frac{2h}{g}\right)^{1/2}$ পশ্চিমে

(B) $\frac{16}{3}\omega h\cos\phi\left(\frac{2h}{g}\right)^{1/2}$ পূর্বে

(C) $\frac{2}{3}\omega h\cos\phi\left(\frac{2h}{g}\right)^{1/2}$ পশ্চিমে

(D) উপরের কোনটিই নয়

**5.** যে ধরনের বল সর্বদা একটি বিন্দুর অভিমুখে অথবা বিপরীত অভিমুখে ক্রিয়া করে এবং যাহার মান ঐ বিন্দু হইতে দূরত্বের একটি অপেক্ষক সেই ধরনের বলকে বলা হইবে

(A) অভিকেন্দ্রিক বল

(B) কেন্দ্রীয় বল

(C) অপকেন্দ্রিক বল

(D) উপরের কোনটিই নয়

**6.** পৃথিবীপৃষ্ঠ হইতে $H$ উচ্চতায় কোনো কৃত্রিম উপগ্রহ ঘূর্ণনশীল রহিয়াছে। উপগ্রহটির আবর্তনকাল কত হইলে ঐ উপগ্রহে উপস্থিত কোনো ব্যক্তি নিজেকে ভারশূন্য অনুভব করিবে? ($H << R$, $R$ হইল পৃথিবীর ব্যাসার্ধ)

(A) $2\pi\sqrt{g/R}$

(B) $2\pi\sqrt{R/g}$

(C) $\frac{1}{2\pi}\sqrt{R/g}$

(D) উপরের কোনটিই নয়

**7.** একটি দৃঢ় বস্তুর স্বাধীনতার মাত্রা হইল

(A) 3

(B) 6

(C) অসীম

(D) উপরের কোনটিই নয়

8. Two men support a uniform horizontal beam at its two ends. If one of them suddenly lets go, then the force exerted by the beam on the other man will

(A) remain unaffected

(B) decrease

(C) increase

(D) None of the above

9. A solid sphere rolls without slipping on a rough horizontal floor, moving with a speed $v$. It makes an elastic collision with a smooth vertical wall. After impact

(A) it will move with a speed $v$ initially

(B) its motion will be rolling without slipping

(C) its motion will be stopped

(D) None of the above

10. Lagrangian for a compound pendulum is

(A) $\frac{1}{2}I\dot{\theta}^2 - mgl\cos\theta$

(B) $\frac{1}{2}I\dot{\theta}^2 + mgl\cos\theta$

(C) $\frac{1}{2}m(\dot{r}^2 + r^2\dot{\theta}^2) + \frac{1}{2}I\dot{\theta}^2 - mgl\cos\theta$

(D) None of the above

[Where the symbols have their usual meanings.]

11. The constant $a$ so that

$(x+2y)\hat{i} + (2y-z)\hat{j} + (2x+az)\hat{k}$

is solenoidal, given as

(A) 0

(B) 3

(C) 2

(D) None of the above

8. দুইজন ব্যক্তি একটি সুষম দণ্ডের দুই প্রান্তে দণ্ডটিকে বহন করিতেছে। যদি একজন ব্যক্তি হঠাৎ দণ্ডটিকে ছাড়িয়া দেয়, তবে অপর ব্যক্তির উপরে দণ্ডটি যে বল প্রয়োগ করিবে তাহা

(A) পূর্বের ন্যায় অপরিবর্তিত থাকিবে

(B) হ্রাস পাইবে

(C) বৃদ্ধি পাইবে

(D) উপরের কোনটিই নয়

9. $v$ বেগে একটি কঠিন গোলক একটি অমসৃণ তলের উপর দিয়া না হড়কাইয়া গড়াইয়া চলিতেছে। উহা একটি মসৃণ উল্লম্ব দেওয়ালের সহিত সংঘর্ষ করিল। সংঘর্ষের পরে

(A) গোলকটি প্রথমে $v$ বেগে চলিবে

(B) গোলকটি না হড়কাইয়া গড়াইয়া চলিতে থাকিবে

(C) গোলকটির গতি বন্ধ হইয়া যাইবে

(D) উপরের কোনটিই নয়

10. কোনো যৌগিক দোলকের ল্যাগরেঞ্জীয়ান হইল

(A) $\frac{1}{2}I\dot{\theta}^2 - mgl\cos\theta$

(B) $\frac{1}{2}I\dot{\theta}^2 + mgl\cos\theta$

(C) $\frac{1}{2}m(\dot{r}^2 + r^2\dot{\theta}^2) + \frac{1}{2}I\dot{\theta}^2 - mgl\cos\theta$

(D) উপরের কোনটিই নয়

[যেখানে চিহ্নগুলি প্রচলিত অর্থ বহন করে।]

11. $(x+2y)\hat{i} + (2y-z)\hat{j} + (2x+az)\hat{k}$ ভেক্টরটি সলিনয়ডাল হতে গেলে ধ্রুবক $a$ এর মান হইবে

(A) 0

(B) 3

(C) 2

(D) উপরের কোনটিই নয়

**12.** If $\vec{r}$ is a position vector, then curl $\vec{r}$ is

(A) 0

(B) 3

(C) $r^{3/2}$

(D) None of the above

**13.** The condition that the vector $\vec{A}$ should be the curl of a vector function is

(A) $\vec{\nabla} \cdot \vec{A} = 0$

(B) $\vec{\nabla} \times \vec{A} = 0$

(C) $\vec{\nabla} \times \vec{A} - \nabla^2 \vec{A} = 0$

(D) None of the above

**14.** The principle of virtual work suggests that in equilibrium of a system of particles, the following relation must holds

(A) $\sum_{i=1}^{N} \vec{F}_i^{(a)} \cdot d\vec{r}_i = 0$

(B) $\sum_{i=1}^{N} \vec{F}_i^{(c)} \cdot \delta\vec{r}_i = 0$

(C) $\sum_{i=1}^{N} \vec{F}_i^{(a)} \cdot \delta\vec{r}_i = 0$

(D) None of the above

[Where, $\vec{F}_i^{(a)}$ represents actual force and $\vec{F}_i^{(c)}$ represents constraint force.]

**15.** If $I_1$ and $I_2$ represent moment of inertia of a ring and a disc about their axis passing through their centre and perpendicular to their planes and made from same material, then

(A) $I_1 = I_2$

(B) $I_1 < I_2$

(C) $I_1 > I_2$

(D) None of the above

**12.** $\vec{r}$ ভেক্টরটি অবস্থান ভেক্টরকে সূচিত করিলে curl $\vec{r}$ এর মান হইবে

(A) 0

(B) 3

(C) $r^{3/2}$

(D) উপরের কোনটিই নয়

**13.** $\vec{A}$ ভেক্টরটি কোনো একটি ভেক্টর ক্ষেত্রের curl কে সূচিত করিবে যদি

(A) $\vec{\nabla} \cdot \vec{A} = 0$

(B) $\vec{\nabla} \times \vec{A} = 0$

(C) $\vec{\nabla} \times \vec{A} - \nabla^2 \vec{A} = 0$

(D) উপরের কোনটিই নয়

**14.** ভারচ্যুয়েল কার্যের নীতি অনুসারে কোনো কণা সংহতির সাম্যে থাকিতে হইলে, নিম্নের কোন্ সম্পর্কটি অবশ্যই থাকিতে হইবে?

(A) $\sum_{i=1}^{N} \vec{F}_i^{(a)} \cdot d\vec{r}_i = 0$

(B) $\sum_{i=1}^{N} \vec{F}_i^{(c)} \cdot \delta\vec{r}_i = 0$

(C) $\sum_{i=1}^{N} \vec{F}_i^{(a)} \cdot \delta\vec{r}_i = 0$

(D) উপরের কোনটিই নয়

[যেখানে $\vec{F}_i^{(a)}$ ও $\vec{F}_i^{(c)}$ দ্বারা যথাক্রমে প্রকৃত বল এবং অবরোধ বলকে বুঝানো হইতেছে।]

**15.** একই উপাদানের দ্বারা তৈরী একই ব্যাসার্ধবিশিষ্ট একটি রিং ও একটি চাকতির কেন্দ্রগামী ও তলের সহিত লম্বভাবে অবস্থিত অক্ষের সাপেক্ষে জড়তা ভ্রামক $I_1$ ও $I_2$ হইলে

(A) $I_1 = I_2$ হইবে

(B) $I_1 < I_2$ হইবে

(C) $I_1 > I_2$ হইবে

(D) উপরের কোনটিই নয়

**16.** An artificial satellite moving in a circular orbit around the earth has a kinetic energy of $E_0$. The potential energy of the satellite-earth system is

(A) $-E_0$

(B) $1 \cdot 5E_0$

(C) $-2E_0$

(D) None of the above

**17.** A satellite is revolving around the earth in a circular orbit. If the radius of the orbit decreases by 1%, then the speed of the satellite will

(A) increase by 0·5%

(B) decrease by 0·5%

(C) increase by 1%

(D) None of the above

**18.** Two particles of masses $M$ and $m$ approach each other from infinite separation under the mutual pull of gravitation. Assuming that the particles were initially of rest, their relative speed at separation $d$ is

(A) $\sqrt{\frac{2G(M+m)}{d}}$

(B) $\sqrt{\frac{2GMm}{(M+m)d}}$

(C) $\sqrt{\frac{2G(M+m)}{Mmd}}$

(D) None of the above

**19.** The condition for a uniform spherical mass $m$ of radius $r$ to be a black hole is ($G$ is the gravitational constant and $g$ is the gravitational field)

(A) $\sqrt{\frac{2Gm}{r}} \le c$

(B) $\sqrt{\frac{2gm}{r}} = c$

(C) $\sqrt{\frac{2Gm}{r}} \ge c$

(D) None of the above

**16.** একটি কৃত্রিম উপগ্রহ পৃথিবীর চারিদিকে $E_0$ গতিশক্তিতে বৃত্তাকার পথে ঘুরিতেছে। এইক্ষেত্রে কৃত্রিম উপগ্রহ-পৃথিবী সিস্টেমের স্থিতিশক্তি হইবে

(A) $-E_0$

(B) $1 \cdot 5E_0$

(C) $-2E_0$

(D) উপরের কোনটিই নয়

**17.** একটি কৃত্রিম উপগ্রহ পৃথিবীর চারিদিকে বৃত্তাকার কক্ষপথে ঘুরিতেছে। যদি উহার কক্ষপথের ব্যাসার্ধ 1% কমিয়া যায়, তাহা হইলে কৃত্রিম উপগ্রহের বেগ

(A) 0·5% বৃদ্ধি পাইবে

(B) 0·5% হ্রাস পাইবে

(C) 1% বৃদ্ধি পাইবে

(D) উপরের কোনটিই নয়

**18.** পারস্পরিক মহাকর্ষীয় আকর্ষণ বলের কারণে দুইটি ভর $M$ ও $m$ অসীম দূরত্ব হইতে একে অপরের দিকে আগাইয়া আসিতেছে। যদি ভর দুইটির প্রাথমিক বেগ শূন্য হয় তবে উহাদের পারস্পরিক দূরত্ব $d$ হইলে আপেক্ষিক বেগ হইবে

(A) $\sqrt{\frac{2G(M+m)}{d}}$

(B) $\sqrt{\frac{2GMm}{(M+m)d}}$

(C) $\sqrt{\frac{2G(M+m)}{Mmd}}$

(D) উপরের কোনটিই নয়

**19.** যে শর্তে $r$ ব্যাসার্ধের $m$ ভরসম্পন্ন কোনো গোলাকার বস্তু কৃষ্ণগহ্বরে পরিবর্তিত হইবে, তাহা হইল ($G$ হইল মহাকর্ষীয় ধ্রুবক এবং $g$ হইল মহাকর্ষীয় ক্ষেত্র প্রাবল্য)

(A) $\sqrt{\frac{2Gm}{r}} \le c$

(B) $\sqrt{\frac{2gm}{r}} = c$

(C) $\sqrt{\frac{2Gm}{r}} \ge c$

(D) উপরের কোনটিই নয়

**20.** The kinetic energy needed to project a body of mass $m$ from the earth's surface to infinity is

(A) $\frac{mgR}{4}$

(B) $mgR$

(C) $\frac{mgR}{2}$

(D) None of the above

**21.** The maximum and minimum distances of the earth from the sun are $r_1$ and $r_2$ respectively. When the earth is at the tip of the latus rectum through the sun, then the distance between them is

(A) $\frac{r_1 + r_2}{2}$

(B) $\sqrt{r_1 r_2}$

(C) $\frac{2r_1 r_2}{r_1 + r_2}$

(D) None of the above

**22.** If two bubbles of different radii are connected by a hollow tube

(A) air flows from the bigger bubble to smaller bubble

(B) air flows from the smaller bubble to bigger bubble

(C) there is no flow of air

(D) None of the above

**23.** Water rises in a vertical capillary tube up to a length of 10 cm. If the tube is inclined at 45°, then the length of water risen in the tube will be

(A) 10 cm

(B) $10\sqrt{2}$ cm

(C) $10/\sqrt{2}$ cm

(D) None of the above

**20.** পৃথিবীপৃষ্ঠ হইতে $m$ ভরের কোনো বস্তুকে অসীম দূরত্বে প্রক্ষিপ্ত করিতে প্রয়োজনীয় গতিশক্তি হইল

(A) $\frac{mgR}{4}$

(B) $mgR$

(C) $\frac{mgR}{2}$

(D) উপরের কোনটিই নয়

**21.** সূর্য হইতে পৃথিবীর সর্বোচ্চ ও সর্বনিম্ন দূরত্ব হইল যথাক্রমে $r_1$ ও $r_2$. পৃথিবী যখন সূর্যের কেন্দ্রগামী নাভিলম্বের প্রান্তদেশে অবস্থান করে, তখন উহাদের মধ্যে দূরত্ব হইবে

(A) $\frac{r_1 + r_2}{2}$

(B) $\sqrt{r_1 r_2}$

(C) $\frac{2r_1 r_2}{r_1 + r_2}$

(D) উপরের কোনটিই নয়

**22.** ভিন্ন ব্যাসার্ধের দুটি বুদ্বুদকে একটি ফাঁপা নল দ্বারা সংযুক্ত করিলে

(A) বায়ু বড় বুদ্বুদ হইতে ছোট বুদ্বুদে প্রবাহিত হইবে

(B) বায়ু ছোট বুদ্বুদ হইতে বড় বুদ্বুদে প্রবাহিত হইবে

(C) বুদ্বুদ দুইটির মধ্যে কোনো প্রকার বায়ু প্রবাহিত হইবে না

(D) উপরের কোনটিই নয়

**23.** কোনো উল্লম্ব কৈশিক নলে জলতল 10 cm পর্যন্ত উঠিতে পারে। যদি নলটিকে 45° কোণে কাত করা হয় তবে টিউবে যে দৈর্ঘ্য পর্যন্ত জল উঠিবে, তাহা হইল

(A) 10 cm

(B) $10\sqrt{2}$ cm

(C) $10/\sqrt{2}$ cm

(D) উপরের কোনটিই নয়

24. If air is pushed in a soap bubble, then the pressure in it

(A) decreases

(B) increases

(C) remains same

(D) None of the above

25. A capillary tube of radius $r$ is immersed in water and water rises in it to a height $h$. The mass of water in the capillary tube is 5 gm. Another capillary tube of radius $2r$ is immersed in water. The mass of water that will rise in this tube is

(A) 2·5 gm

(B) 10 gm

(C) 20 gm

(D) None of the above

26. A hole is near the bottom of a tank. The volume of liquid emerging from the hole does not depend upon

(A) height of liquid level above the hole

(B) area of the hole

(C) density of liquid

(D) None of the above

27. The velocity profile of a liquid flowing through a capillary is

(A) straight line

(B) hyperbolic

(C) parabolic

(D) None of the above

28. The correct relation between $Y$, $\eta$ and $\gamma$ is (symbols have their usual meanings)

(A) $Y = \eta(1+2\gamma)$

(B) $Y = 2\eta(1+\gamma)$

(C) $2Y = \eta(1+\gamma)$

(D) None of the above

24. যদি কোনো সাবান বুদ্বুদের অভ্যন্তরে আরো বায়ু প্রবেশ করানো হয় তবে ইহার চাপ

(A) হ্রাস পাইবে

(B) বৃদ্ধি পাইবে

(C) অপরিবর্তিত থাকিবে

(D) উপরের কোনটিই নয়

25. $r$ ব্যাসার্ধের কোনো কৈশিক নলকে উল্লম্বভাবে জলে ডুবাইলে জল উহাতে $h$ উচ্চতা পর্যন্ত উঠিতে পারে এবং উত্থিত জলের ভর হয় 5 gm. $2r$ ব্যাসার্ধের আরেকটি কৈশিক নলকে উল্লম্বভাবে জলে ডুবাইলে উহার অভ্যন্তরে উত্থিত জলের ভর হইবে

(A) 2·5 gm

(B) 10 gm

(C) 20 gm

(D) উপরের কোনটিই নয়

26. কোনো তরল পূর্ণ ট্যাঙ্কের তলদেশের নিকটে একটি ছিদ্র করা হইল। ছিদ্র দিয়া নির্গত তরলের আয়তন নিম্নের কোন্ রাশিটির উপর নির্ভরশীল নয়?

(A) ছিদ্রের উপরে তরল তলের উচ্চতা

(B) ছিদ্রের ক্ষেত্রফল

(C) তরলের ঘনত্ব

(D) উপরের কোনটিই নয়

27. কোনো কৈশিক নল দিয়া প্রবাহিত তরলের বেগের প্রোফাইল হইল

(A) সরলরৈখিক

(B) পরাবৃত্তাকার

(C) অধিবৃত্তাকার

(D) উপরের কোনটিই নয়

28. $Y$, $\eta$ ও $\gamma$ এর মধ্যে বিদ্যমান সঠিক সম্পর্কটি হইল (চিহ্নগুলি প্রচলিত অর্থ বহন করে)

(A) $Y = \eta(1+2\gamma)$

(B) $Y = 2\eta(1+\gamma)$

(C) $2Y = \eta(1+\gamma)$

(D) উপরের কোনটিই নয়

29. A rod is supported on two knife edges and loaded in the middle. The depression at the centre is noted. The knife edges are shifted slightly outward. The depression will

(A) decrease

(B) increase

(C) remain same

(D) None of the above

30. A heavy uniform rod is hanging vertically from a fixed support. It is stretched by its own weight. The diameter of the rod is

(A) smallest at the top and gradually increases down the rod

(B) largest at the top and gradually decreases down the rod

(C) maximum in the middle point

(D) None of the above

31. Two wires $A$ and $B$ have the same length and area of cross-section. But Young's modulus of $A$ is twice the Young's modulus of $B$. The ratio of force constant of $A$ to that of $B$ is

(A) 1

(B) 2

(C) 1/2

(D) None of the above

32. A rubber balloon has 200 gm of water in it. Its weight in water will be (neglect the weight of balloon)

(A) 100 gm

(B) 200 gm

(C) 0

(D) None of the above

29. একটি দণ্ডকে দুইটি ক্ষুরধারের মধ্যে বসাইয়া উহার মাঝখানে ওজন চাপানো হইল। দণ্ডটির মধ্যবিন্দুর অবনমন নথিভুক্ত করা হইল। এইবার ক্ষুরধার দুইটিকে পরস্পর হইতে আরও একটু দূরে সরানো হইল। এখন অবনমন

(A) হ্রাস পাইবে

(B) বৃদ্ধি পাইবে

(C) অপরিবর্তিত থাকিবে

(D) উপরের কোনটিই নয়

30. একটি ভারী সুষম দণ্ডকে উল্লম্বভাবে কোনো স্থির ফ্রেম হইতে ঝুলানো হইল। উহা তাহার নিজস্ব ওজনের দরুন দীর্ঘায়িত হইলে দণ্ডটির ব্যাস

(A) উপরের বিন্দুতে সর্বনিম্ন হইবে এবং ক্রমশ নিচের দিকে বৃদ্ধি পাইতে থাকিবে

(B) উপরের বিন্দুতে সর্বোচ্চ হইবে এবং ক্রমশ নিচের দিকে কমিতে থাকিবে

(C) মধ্যবিন্দুতে সর্বোচ্চ হইবে

(D) উপরের কোনটিই নয়

31. $A$ ও $B$ দুইটি তার সমদৈর্ঘ্য ও সমপ্রস্থচ্ছেদের ক্ষেত্রফলবিশিষ্ট। কিন্তু $A$এর ইয়ং গুণাঙ্ক $B$ এর ইয়ং গুণাঙ্কের দ্বিগুণ। $A$ এর বলধ্রুবক এবং $B$ এর বলধ্রুবকের অনুপাত হইবে

(A) 1

(B) 2

(C) 1/2

(D) উপরের কোনটিই নয়

32. একটি রবারের বেলুনের অভ্যন্তরে 200 gm জল আছে। জলের অভ্যন্তরে ঐ বেলুনটির ওজন হইবে (বেলুনের ওজন নগণ্য)

(A) 100 gm

(B) 200 gm

(C) 0

(D) উপরের কোনটিই নয়

**33.** If the surface tension of water is $0{\cdot}06\ Nm^{-1}$, then the capillary rises in a tube of a diameter 1 mm is (take angle of contact $\theta = 0°$)

(A) 1·22 cm
(B) 2·44 cm
(C) 3·12 cm
(D) None of the above

**34.** Viscosity of a gas is due to transport of

(A) momentum
(B) energy
(C) mass
(D) None of the above

**35.** Molecules of an ideal gas have

(A) only kinetic energy
(B) only potential energy
(C) both kinetic and potential energies
(D) None of the above

**36.** A vertical cylinder is filled with liquid. A small hole is made in the wall of the cylinder at a depth $H$ below the free surface of the liquid. The force exerted on the cylinder by the liquid flowing out of the hole initially will be proportional to

(A) $\sqrt{H}$
(B) $H$
(C) $H^2$
(D) None of the above

**37.** The molar heat capacity of an ideal gas $C$

(A) cannot be negative
(B) must equal either $C_p$ or $C_v$
(C) may have any value lying between $-\alpha$ and $\alpha$
(D) None of the above

**33.** জলের পৃষ্ঠটান $0{\cdot}06\ Nm^{-1}$ হইলে 1 mm ব্যাসের কোনো কৈশিক নলে জল যে উচ্চতা পর্যন্ত উঠিবে তাহা হইল (স্পর্শকোণ $\theta = 0°$)

(A) 1·22 cm
(B) 2·44 cm
(C) 3·12 cm
(D) উপরের কোনটিই নয়

**34.** কোনো গ্যাসের সান্দ্রতা নিম্নের কোন্ রাশিটির পরিবহনের (ট্রান্সপোর্ট) দরুন সৃষ্টি ?

(A) ভরবেগ
(B) শক্তি
(C) ভর
(D) উপরের কোনটিই নয়

**35.** কোনো আদর্শ গ্যাসের অণুগুলির

(A) শুধুমাত্র গতিশক্তি আছে
(B) শুধুমাত্র স্থিতিশক্তি আছে
(C) গতিশক্তি ও স্থিতিশক্তি দুটিই আছে
(D) উপরের কোনটিই নয়

**36.** একটি উল্লম্ব চোঙকে তরল দ্বারা পূর্ণ করা হইল। তরলের মুক্ততল হইতে $H$ গভীরতায় চোঙের দেওয়ালে একটি ক্ষুদ্র ছিদ্র করা হইল। প্রাথমিকভাবে তরল নির্গমনের সময় চোঙের উপর যে পরিমাণ বল প্রয়োগ করিবে তাহা

(A) $\sqrt{H}$ এর সমানুপাতিক
(B) $H$ এর সমানুপাতিক
(C) $H^2$ এর সমানুপাতিক
(D) উপরের কোনটিই নয়

**37.** একটি আদর্শ গ্যাসের আণবিক তাপ ধারকত্ব $C$

(A) ঋণাত্মক হতে পারে না
(B) অবশ্যই $C_p$ অথবা $C_v$ এর সমান
(C) $-\alpha$ ও $\alpha$ এর মধ্যবর্তী যে কোনও মান হইতে পারে
(D) উপরের কোনটিই নয়

**38.** A mixture of $n_1$ moles of a mono-atomic gas and $n_2$ moles diatomic gas has $\frac{C_p}{C_v} = \gamma = 1 \cdot 5$. $n_1$ and $n_2$ are connected by

(A) $n_1 = n_2$

(B) $2n_1 = n_2$

(C) $n_1 = 2n_2$

(D) None of the above

**39.** Thermal diffusivity is defined as the

(A) ratio of thermal capacity per unit volume to thermal conductivity

(B) product of thermal capacity per unit volume and thermal conductivity

(C) ratio of thermal conductivity and thermal capacity per unit volume

(D) None of the above

**40.** Isothermal elasticity and adiabatic elasticity of a gas (perfect) are connected by

(A) $E_{\text{isothermal}} = \gamma E_{\text{adiabatic}}$

(B) $E_{\text{adiabatic}} = \gamma E_{\text{isothermal}}$

(C) $E_{\text{isothermal}} = E_{\text{adiabatic}}$

(D) None of the above

**41.** Due to diffusion process among two gases, entropy

(A) increases

(B) decreases

(C) remains same

(D) None of the above

**38.** $n_1$ মোল একপরমাণুক গ্যাস ও $n_2$ মোল দ্বিপরমাণুক গ্যাসের মিশ্রণের ক্ষেত্রে $\frac{C_p}{C_v} = \gamma = 1 \cdot 5$. এক্ষেত্রে $n_1$ ও $n_2$ এর মধ্যে সম্পর্কটি হইল

(A) $n_1 = n_2$

(B) $2n_1 = n_2$

(C) $n_1 = 2n_2$

(D) উপরের কোনটিই নয়

**39.** তাপীয় ব্যাপনতাকে সংজ্ঞায়িত করা হয়

(A) একক আয়তনের তাপ ধারকত্ব ও তাপ পরিবাহিতাঙ্কের অনুপাত দ্বারা

(B) একক আয়তনের তাপ ধারকত্ব ও তাপ পরিবাহিতাঙ্কের গুণফল দ্বারা

(C) তাপ পরিবাহিতাঙ্ক ও একক আয়তনের তাপ ধারকত্বের অনুপাত দ্বারা

(D) উপরের কোনটিই নয়

**40.** গ্যাসের (আদর্শ) ক্ষেত্রে সমোষ্ণ স্থিতিস্থাপকতা ও রুদ্ধতাপ স্থিতিস্থাপকতার মধ্যে নিম্নের কোন্ সম্পর্কটি সঠিক?

(A) $E_{\text{সমোষ্ণ}} = \gamma E_{\text{রুদ্ধতাপ}}$

(B) $E_{\text{রুদ্ধতাপ}} = \gamma E_{\text{সমোষ্ণ}}$

(C) $E_{\text{সমোষ্ণ}} = E_{\text{রুদ্ধতাপ}}$

(D) উপরের কোনটিই নয়

**41.** দুইটি গ্যাসের মধ্যে ব্যাপন প্রক্রিয়ার ফলে এনট্রপির মান

(A) বৃদ্ধি পাইবে

(B) হ্রাস পাইবে

(C) অপরিবর্তিত থাকিবে

(D) উপরের কোনটিই নয়

42. For a monoatomic gas in adiabatic process, the relation between the pressure $P$ and absolute temperature $T$ is connected by $P \propto T^C$, where $C$ is equal to

(A) $\frac{2}{5}$

(B) $\frac{5}{2}$

(C) $\frac{3}{5}$

(D) None of the above

43. For a gas molecule with 6 degrees of freedom, the relation between the molar specific heat $C_v$ and gas constant $R$ is

(A) $C_v = R/2$

(B) $C_v = R$

(C) $C_v = 3R$

(D) None of the above

44. In steady-state, the Fourier equation of heat flow is given by

(A) $h\frac{d^2\theta_e}{dx^2} = \mu\theta_e$

(B) $h\frac{d\theta_e}{dx} = \mu\theta_e$

(C) $h\frac{d^2\theta_e}{dx^2} = \mu$

(D) None of the above

[Where $h$ is thermal diffusivity, $\mu$ is a constant and $\theta_e$ is excess temperature of surface over the surrounding.]

45. For an ideal gas, the change in temperature due to Joule-Thompson expansion is always

(A) greater than zero

(B) less than zero

(C) equal to zero

(D) None of the above

42. একপরমাণুক গ্যাসের রুদ্ধতাপ প্রক্রিয়ার ক্ষেত্রে চাপ $P$ ও পরম তাপমাত্রা $T$ এর মধ্যে সম্পর্ক হইল $P \propto T^C$, যেখানে $C$ হইল

(A) $\frac{2}{5}$

(B) $\frac{5}{2}$

(C) $\frac{3}{5}$

(D) উপরের কোনটিই নয়

43. কোনো গ্যাস অণুর স্বাধীনতার মাত্রা 6 হইলে, ইহার আণবিক আপেক্ষিক তাপ $C_v$ এবং গ্যাস ধ্রুবক $R$ এর মধ্যে সম্পর্কটি হইল

(A) $C_v = R/2$

(B) $C_v = R$

(C) $C_v = 3R$

(D) উপরের কোনটিই নয়

44. সাম্য অবস্থায় তাপপ্রবাহ সংক্রান্ত ফোরিয়ার সমীকরণটি হইল

(A) $h\frac{d^2\theta_e}{dx^2} = \mu\theta_e$

(B) $h\frac{d\theta_e}{dx} = \mu\theta_e$

(C) $h\frac{d^2\theta_e}{dx^2} = \mu$

(D) উপরের কোনটিই নয়

[যেখানে $h$ হইল তাপীয় ব্যাপনতা, $\mu$ একটি ধ্রুবক এবং $\theta_e$ হইল পারিপার্শ্বিক অপেক্ষা তলের অতিরিক্ত তাপমাত্রা।]

45. কোনো আদর্শ গ্যাসের ক্ষেত্রে জুল-থমসন প্রসারণের দরুন তাপমাত্রার পরিবর্তন হইবে

(A) শূন্য অপেক্ষা বড়

(B) শূন্য অপেক্ষা কম

(C) শূন্যের সমান

(D) উপরের কোনটিই নয়

**46.** Two soap bubbles with radii $r_1$ and $r_2$ $(r_1 > r_2)$ come in contact. Their common surface has a radius of curvature $r$, so that

(A) $r = \frac{r_1 + r_2}{2}$

(B) $r = \frac{r_1 r_2}{r_1 - r_2}$

(C) $r = \sqrt{r_1 r_2}$

(D) None of the above

**46.** দুইটি সাবান বুদ্বুদের ব্যাসার্ধ $r_1$ ও $r_2$ $(r_1 > r_2)$. ইহারা পরস্পরের সংস্পর্শে আসিল। উহাদের সাধারণ তলের বক্রতা ব্যাসার্ধ $r$ হইলে

(A) $r = \frac{r_1 + r_2}{2}$

(B) $r = \frac{r_1 r_2}{r_1 - r_2}$

(C) $r = \sqrt{r_1 r_2}$

(D) উপরের কোনটিই নয়

**47.** A rectangular block of mass $m$ and area of cross-section $A$ floats in a liquid of density $\rho$. If it is given a small vertical displacement from equilibrium, it undergoes oscillation with a time period $T$ is

(A) $T \propto \frac{1}{\sqrt{m}}$

(B) $T \propto \sqrt{A}$

(C) $T \propto \frac{1}{\sqrt{\rho}}$

(D) None of the above

**47.** $\rho$ ঘনত্বের কোনো তরলের মধ্যে $A$ প্রস্থচ্ছেদের ক্ষেত্রফলবিশিষ্ট $m$ ভরের কোনো আয়তাকার ব্লক ভাসিতেছে। যদি ইহাকে সাম্য অবস্থা হইতে উল্লম্ব দিকে স্বল্প পরিমাণ সরণ প্রদান করা হয়, তাহা হইলে ইহা $T$ বিস্তার লইয়া কাঁপিতে থাকে। এক্ষেত্রে

(A) $T \propto \frac{1}{\sqrt{m}}$

(B) $T \propto \sqrt{A}$

(C) $T \propto \frac{1}{\sqrt{\rho}}$

(D) উপরের কোনটিই নয়

**48.** A simple harmonic motion can be considered as equivalent to two

(A) equal and opposite circular motions

(B) equal and opposite elliptic motions

(C) equal and opposite linear motions

(D) None of the above

**48.** একটি সরল দোলগতি নিম্নের কোন্ ধরনের গতির সমতুল্য ?

(A) দুইটি সমান ও বিপরীতমুখী বৃত্তীয় গতি

(B) দুইটি সমান ও বিপরীতমুখী উপবৃত্তাকার গতি

(C) দুইটি সমান ও বিপরীতমুখী সরলরৈখিক গতি

(D) উপরের কোনটিই নয়

**49.** If time periods of a compound pendulum about its centre of suspension and centre of oscillation are $T_1$ and $T_2$ respectively, then

(A) $T_1 = T_2$

(B) $T_1 > T_2$

(C) $T_1 < T_2$

(D) None of the above

**49.** যদি কোনো যৌগিক দোলকের ক্ষেত্রে আলম্ব বিন্দু ও দোলন বিন্দুর সাপেক্ষে পর্যায়কাল যথাক্রমে $T_1$ ও $T_2$ হয়, তাহা হইলে

(A) $T_1 = T_2$

(B) $T_1 > T_2$

(C) $T_1 < T_2$

(D) উপরের কোনটিই নয়

50. Dissipation of power in a damped harmonic oscillation is given by ($k$ = constant of retardation and $E$ = energy of particle)

(A) $Ek$

(B) $2Ek$

(C) $\frac{Ek}{2}$

(D) None of the above

51. Quality factor $Q$ of a harmonic oscillator is given by

(A) $2\pi \cdot \frac{\text{energy stored}}{\text{energy dissipated in each time period}}$

(B) $2\pi \cdot \frac{\text{energy dissipated in each time period}}{\text{energy stored}}$

(C) $\frac{\text{energy stored}}{\text{energy dissipated in each time period}}$

(D) None of the above

52. If $\omega_0$ is the natural angular frequency of a particle executing simple harmonic motion and $k$ is retardation constant, then the condition of critical damping is

(A) $k = \omega_0$

(B) $k > \omega_0$

(C) $k < \omega_0$

(D) None of the above

53. A train is approaching with uniform velocity blowing a whistle of frequency $n$ towards a stationary passenger in platform. If apparent frequency of whistle to the passenger is $n'$, then

(A) $n' = n$

(B) $n' > n$

(C) $n' < n$

(D) None of the above

50. অবমন্দিত সরল দোলকের ক্ষেত্রে ক্ষমতার অবক্ষয় ($k$ = মন্দন ধ্রুবক ও $E$ = কণার শক্তি)

(A) $Ek$

(B) $2Ek$

(C) $\frac{Ek}{2}$

(D) উপরের কোনটিই নয়

51. দোলগতিসম্পন্ন স্পন্দনকের ক্ষেত্রে $Q$ গুণাঙ্ক হইল

(A) $2\pi \cdot \frac{\text{সঞ্চিত শক্তি}}{\text{প্রতি পর্যায়কালে ব্যয়িত শক্তি}}$

(B) $2\pi \cdot \frac{\text{প্রতি পর্যায়কালে ব্যয়িত শক্তি}}{\text{সঞ্চিত শক্তি}}$

(C) $\frac{\text{সঞ্চিত শক্তি}}{\text{প্রতি পর্যায়কালে ব্যয়িত শক্তি}}$

(D) উপরের কোনটিই নয়

52. সরল দোলগতিসম্পন্ন কোনো কণার স্বাভাবিক কম্পাঙ্ক $\omega_0$ এবং মন্দন ধ্রুবক $k$ হইলে, জটিল অবমন্দনের শর্ত হইবে

(A) $k = \omega_0$

(B) $k > \omega_0$

(C) $k < \omega_0$

(D) উপরের কোনটিই নয়

53. $n$ কম্পাঙ্কের বংশীধ্বনি করিতে করিতে কোনো ট্রেন প্ল্যাটফর্মে দণ্ডায়মান কোনো যাত্রীর দিকে সমবেগে অগ্রসর হইতে থাকিল। যদি যাত্রীর নিকট বংশীধ্বনির আপাত কম্পাঙ্ক $n'$ হয়, তাহা হইলে

(A) $n' = n$

(B) $n' > n$

(C) $n' < n$

(D) উপরের কোনটিই নয়

**54.** Velocity of longitudinal wave in a gaseous medium will be higher, if

(A) bulk modulus of gas is higher

(B) bulk modulus of gas is lower

(C) density of gas is higher

(D) None of the above

**55.** A wave travelling in a material medium is described by the equation $y = A\sin(kx - \omega t)$. The maximum particle velocity in that medium is

(A) $A\omega$

(B) $\omega/k$

(C) $d\omega/dk$

(D) None of the above

**56.** A cylindrical resonance tube, open at both ends, has a fundamental frequency $F$ in air. Half of the length of the tube is dipped vertically in water. The fundamental frequency of the air column now is

(A) $4F$

(B) $2F$

(C) $F$

(D) None of the above

**57.** Two identical sounds $A$ and $B$ reach at a point in the same phase. The resultant sound is $C$. The loudness of $C$ is $n$ dB higher than the loudness of $A$. The value of $n$ is

(A) 6

(B) 2

(C) 4

(D) None of the above

**54.** গ্যাসীয় মাধ্যমে অনুদৈর্ঘ্য তরঙ্গের বেগ বেশী হইবে, যদি

(A) গ্যাসের আয়তন গুণাঙ্ক বেশী হয়

(B) গ্যাসের আয়তন গুণাঙ্ক কম হয়

(C) গ্যাসের ঘনত্ব বেশী হয়

(D) উপরের কোনটিই নয়

**55.** একটি ধাতব মাধ্যম দিয়া অগ্রগামী তরঙ্গের সমীকরণ হইল $y = A\sin(kx - \omega t)$. ঐ মাধ্যমের কণার সর্বাধিক বেগ হইল

(A) $A\omega$

(B) $\omega/k$

(C) $d\omega/dk$

(D) উপরের কোনটিই নয়

**56.** উভয়মুখ খোলা কোন চোঙাকৃতির অনুনাদী নলের অভ্যন্তরীণ বায়ুস্তরের স্বাভাবিক কম্পাঙ্ক $F$. নলের অর্ধেক দৈর্ঘ্য জলের অভ্যন্তরে উল্লম্বভাবে ডুবানো হইল। এখন বায়ুস্তরের স্বাভাবিক কম্পাঙ্ক হইবে

(A) $4F$

(B) $2F$

(C) $F$

(D) উপরের কোনটিই নয়

**57.** $A$ ও $B$ দুইটি একই ধরনের শব্দ মাধ্যমের কোন বিন্দুতে সমদশায় মিলিত হইয়া $C$ শব্দ তৈরী করিল। $C$ শব্দের প্রাবল্য $A$ শব্দের প্রাবল্য অপেক্ষা $n$ dB উর্ধ্বে। $n$ এর মান হইল

(A) 6

(B) 2

(C) 4

(D) উপরের কোনটিই নয়

**58.** A heavy uniform rope hangs vertically from the ceiling, with its lower end free. A disturbance on the rope travelling upward from the lower end has a velocity $v$ at a distance $x$ from the lower end is

(A) $v \propto \frac{1}{x}$

(B) $v \propto \sqrt{x}$

(C) $v \propto \frac{1}{\sqrt{x}}$

(D) None of the above

**58.** নিম্ন প্রান্ত স্বাধীন এইরূপ একটি ভারী সুষম রজ্জুকে ছাদ হইতে উল্লম্বভাবে ঝুলানো হইল। উহার নিম্ন প্রান্তে একটি আলোড়ন সৃষ্টি করিলে উহা রজ্জুর উপরের দিকে ধাবিত হইল। নিম্ন প্রান্ত হইতে $x$ দূরত্বে আলোড়নের বেগ $v$ হইলে

(A) $v \propto \frac{1}{x}$

(B) $v \propto \sqrt{x}$

(C) $v \propto \frac{1}{\sqrt{x}}$

(D) উপরের কোনটিই নয়

**59.** When we hear a sound, we can identify its source from

(A) the frequency of the sound

(B) the amplitude of the sound

(C) the overtones present in the sound

(D) None of the above

**59.** যখন আমরা কোন শব্দ শুনিতে পাই তখন যে ধর্মের জন্য উহার উৎসকে আমরা চিনিতে পারি, তাহা হইল

(A) শব্দের কম্পাঙ্ক

(B) শব্দের বিস্তার

(C) শব্দে উপস্থিত উপসুর

(D) উপরের কোনটিই নয়

**60.** The potential energy of a particle of mass 1 kg in motion along the $x$-axis is given by $U = 4(1-\cos 2x)$ J, where $x$ is in metre. The period of small oscillation (in sec) is

(A) $2\pi$

(B) $\pi/2$

(C) $\pi$

(D) None of the above

**60.** $x$ অক্ষ বরাবর গতিশীল কোনো কণার ভর 1 kg এবং উহার স্থিতিশক্তি $U = 4(1-\cos 2x)$ J, যেখানে $x$ মিটার এককে প্রকাশিত। ইহা যদি স্বল্প বিস্তারের দোলন সম্পন্ন করে থাকে, তাহা হইলে দোলনকাল (sec এককে) হইবে

(A) $2\pi$

(B) $\pi/2$

(C) $\pi$

(D) উপরের কোনটিই নয়

**61.** Intensity of sound wave is proportional to

(A) square of density of medium

(B) square of frequency of vibrating particle of medium

(C) frequency of vibrating particle of medium

(D) None of the above

**61.** শব্দ তরঙ্গের তীব্রতা

(A) মাধ্যমের ঘনত্বের বর্গের সহিত সমানুপাতিক

(B) মাধ্যমের কণার কম্পনের কম্পাঙ্কের বর্গের সহিত সমানুপাতিক

(C) মাধ্যমের কণার কম্পনের কম্পাঙ্কের সহিত সমানুপাতিক

(D) উপরের কোনটিই নয়

**62.** In a struck string, the amplitude of $n$th harmonic is proportional to

(A) $\frac{1}{n^3}$

(B) $\frac{1}{n}$

(C) $n^{1/2}$

(D) None of the above

**63.** A pulse travels along a stretched string fixed at both ends. The pulse gets reflected from the fixed ends with

(A) same phase and velocity reversed

(B) opposite phase and velocity reversed

(C) same phase and same velocity

(D) None of the above

**64.** Sound emitted from stringed instrument will be richer in harmonics when the motion is started by

(A) plucking

(B) striking

(C) bowing

(D) None of the above

**65.** Doppler effect is not easier to detect in light waves than sound waves, because of

(A) higher frequencies of light wave

(B) lesser sensitivity of our eyes than ears

(C) very high speed of light waves

(D) None of the above

**66.** Red shift of light coming from distant stars is an illustration of

(A) low temperature emission

(B) high temperature emission

(C) Doppler effect

(D) None of the above

**62.** কোনো স্ট্রাক্ স্ট্রিং-এর $n$-তম হারমোনিকের বিস্তার নিম্নের কোনটির সহিত সমানুপাতিক?

(A) $\frac{1}{n^3}$

(B) $\frac{1}{n}$

(C) $n^{1/2}$

(D) উপরের কোনটিই নয়

**63.** দুই প্রান্ত দৃঢ়ভাবে আবদ্ধ কোন প্রসারিত তারের মধ্য দিয়া একটি পালস্ (pulse) প্রবাহিত হইল। পালস্টি দৃঢ়ভাবে আবদ্ধ প্রান্ত হইতে প্রতিফলিত হইলে

(A) ইহার দশা অপরিবর্তিত থাকিবে এবং বেগ বিপরীতমুখী হইবে

(B) ইহার দশা বিপরীতমুখী হইবে এবং বেগ বিপরীতমুখী হইবে

(C) দশা ও বেগ অপরিবর্তিত থাকিবে

(D) উপরের কোনটিই নয়

**64.** তারযুক্ত কোনো বাদ্যযন্ত্র হইতে নিঃসৃত শব্দে অনেক হারমোনিক উপস্থিত থাকিবে, যদি তারের মধ্যে শুরুতেই

(A) প্লাকিং করা হয়

(B) আঘাত করা হয়

(C) বোয়িং করা হয়

(D) উপরের কোনটিই নয়

**65.** শব্দ তরঙ্গের ন্যায় আলোর তরঙ্গের ক্ষেত্রে ডপলার ক্রিয়া এত সহজে দেখা যায় না, কারণ

(A) আলোক তরঙ্গের কম্পাঙ্ক বেশী

(B) আমাদের কান অপেক্ষা চোখের সংবেদনশীলতা কম

(C) আলোক তরঙ্গের বেগ অনেক বেশী

(D) উপরের কোনটিই নয়

**66.** দূরবর্তী নক্ষত্র হইতে আগত আলোর লাল সরণ নিম্নের কোন্ বিষয়কে সমর্থন করে?

(A) নিম্ন তাপমাত্রায় বিকিরণ

(B) উচ্চ তাপমাত্রায় বিকিরণ

(C) ডপলার ক্রিয়া

(D) উপরের কোনটিই নয়

**67.** Two factories are sounding their sirens at wavelength $\lambda$ each. A man is going from one factory to the other at a speed of $v_0$. The number of beats heard by the person per second would be

(A) $\frac{2v_0}{\lambda}$

(B) $\frac{v_0}{\lambda}$

(C) $\frac{v_0}{3\lambda}$

(D) None of the above

**68.** In a Young's double-slit experiment, let $\beta$ be the fringe width and let $I_0$ be the intensity at the central bright fringe. At a distance $x$ from the central bright fringe, the intensity will be

(A) $I_0 \cos\left(\frac{x}{\beta}\right)$

(B) $I_0 \cos^2\left(\frac{x}{\beta}\right)$

(C) $I_0 \cos^2\left(\frac{\pi x}{\beta}\right)$

(D) None of the above

**69.** In a Young's double-slit experiment, let $A$ and $B$ be the two slits. A thin film of thickness $t$ and refractive index $\mu$ is placed in front of $A$. If $\beta$ is the fringe width, then displacement of central bright fringe will be

(A) $\frac{(\mu-1)t\beta}{\lambda}$

(B) $\frac{\mu t\beta}{\lambda}$

(C) $\frac{(\mu+1)t\beta}{\lambda}$

(D) None of the above

**67.** দুইটি ফ্যাক্টরীর উভয়েই $\lambda$ তরঙ্গদৈর্ঘ্যের শব্দ নিঃসরণ করিতেছে। $v_0$ বেগে কোনো ব্যক্তি একটি ফ্যাক্টরী হইতে অন্যটির দিকে অগ্রসর হইতেছে। প্রতি সেকেন্ডে ব্যক্তিটি যতটি স্বরকম্প শুনিতে পাইবে, তাহা হইল

(A) $\frac{2v_0}{\lambda}$

(B) $\frac{v_0}{\lambda}$

(C) $\frac{v_0}{3\lambda}$

(D) উপরের কোনটিই নয়

**68.** ইয়ং-এর যুগ্ম-রেখাছিদ্র পরীক্ষায় ব্যতিচার ঝালরের প্রস্থ $\beta$ এবং কেন্দ্রীয় উজ্জ্বল পটির প্রাবল্য $I_0$. কেন্দ্রীয় উজ্জ্বল পটি হইতে $x$ দূরত্বে প্রাবল্য হইবে

(A) $I_0 \cos\left(\frac{x}{\beta}\right)$

(B) $I_0 \cos^2\left(\frac{x}{\beta}\right)$

(C) $I_0 \cos^2\left(\frac{\pi x}{\beta}\right)$

(D) উপরের কোনটিই নয়

**69.** ইয়ং-এর যুগ্ম-রেখাছিদ্র পরীক্ষায় $A$ ও $B$ দুইটি রেখাছিদ্র। $t$ বেধবিশিষ্ট এবং $\mu$ প্রতিসরাঙ্কবিশিষ্ট একটি পাতলা পাতকে $A$ এর সম্মুখে বসানো হইল। যদি ঝালরের প্রস্থ $\beta$ হয়, তবে কেন্দ্রীয় উজ্জ্বল পটির সরণ হইবে

(A) $\frac{(\mu-1)t\beta}{\lambda}$

(B) $\frac{\mu t\beta}{\lambda}$

(C) $\frac{(\mu+1)t\beta}{\lambda}$

(D) উপরের কোনটিই নয়

70. A zone plate behaves like a

(A) concave lens

(B) convex lens

(C) convex mirror

(D) None of the above

71. The area of second half-period zone plate $A_2$ and that of first half-period zone plate $A_1$ are related as

(A) $A_2 = 2A_1$

(B) $A_1 = 2A_2$

(C) $A_2 = A_1$

(D) None of the above

72. The condition for which the rays forming spectrum in a grating suffers minimum deviation when ($i$ = angle of incidence, $\theta$ = angle of diffraction)

(A) $i = \theta$

(B) $i = 2\theta$

(C) $i = \theta/2$

(D) None of the above

73. Angular dispersive power of a grating is

(A) directly proportional to order of the spectrum

(B) inversely proportional to order of the spectrum

(C) directly proportional to square of order of the spectrum

(D) None of the above

74. Width of central bright fringe in single-slit diffraction pattern is

(A) $\frac{\lambda}{a}$

(B) $\frac{2\lambda}{a}$

(C) $\frac{\lambda}{2a}$

(D) None of the above

[Where $a$ is the slit width and $\lambda$ is the wavelength of light used.]

70. একটি মণ্ডলফলক আচরণ করে

(A) অবতল লেন্সের ন্যায়

(B) উত্তল লেন্সের ন্যায়

(C) উত্তল দর্পণের ন্যায়

(D) উপরের কোনটিই নয়

71. কোনো মণ্ডলফলকের দ্বিতীয় অর্ধ-পর্যায়কাল অঞ্চলের ক্ষেত্রফল $A_2$ ও প্রথম অর্ধ-পর্যায়কাল অঞ্চলের ক্ষেত্রফল $A_1$ হইলে

(A) $A_2 = 2A_1$

(B) $A_1 = 2A_2$

(C) $A_2 = A_1$

(D) উপরের কোনটিই নয়

72. গ্রেটিং অপবর্তন বিন্যাসে আলোকরশ্মির ন্যূনতম বিচ্যুতি হইবে ($i$ = আপতন কোণ, $\theta$ = অপবর্তন কোণ) যখন

(A) $i = \theta$

(B) $i = 2\theta$

(C) $i = \theta/2$

(D) উপরের কোনটিই নয়

73. কোনো গ্রেটিং-এর ক্ষেত্রে কৌণিক বিচ্ছুরণ ক্ষমতা

(A) অপবর্তন বর্ণালীর মাত্রার সমানুপাতিক

(B) অপবর্তন বর্ণালীর মাত্রার ব্যস্তানুপাতিক

(C) অপবর্তন বর্ণালীর মাত্রার বর্গের সমানুপাতিক

(D) উপরের কোনটিই নয়

74. একক রেখাছিদ্র অপবর্তন বিন্যাসের ক্ষেত্রে কেন্দ্রীয় উজ্জ্বল পটির প্রস্থ হইল

(A) $\frac{\lambda}{a}$

(B) $\frac{2\lambda}{a}$

(C) $\frac{\lambda}{2a}$

(D) উপরের কোনটিই নয়

[যেখানে $a$ হইল ছিদ্রের বেধ ও $\lambda$ হইল ব্যবহৃত আলোর তরঙ্গদৈর্ঘ্য ।]

**75.** The *E*-ray travels with the same velocity as *O*-ray

(A) along the optic axis

(B) perpendicular to optic axis

(C) along the principal plane

(D) None of the above

**76.** With usual meaning of the symbols, the Helmholtz equation for a thick lens is

(A) $n_1 y_1 \sin\alpha_1 = n_2 y_2 \sin\alpha_2$

(B) $n_1 y_1 \tan\alpha_1 = n_2 y_2 \tan\alpha_2$

(C) $n_1 y_1 \cos\alpha_1 = n_2 y_2 \cos\alpha_2$

(D) None of the above

**77.** Two thin converging lenses of powers 5D and 4D are placed coaxially 10 cm apart. Power of the combination is

(A) +7D

(B) +9D

(C) +1D

(D) None of the above

**78.** If $\omega_1$ and $\omega_2$ are the dispersive powers of the materials of two lenses and, $f_1$ and $f_2$ be their focal lengths, then the condition of achromatism of the lenses in contact is

(A) $\frac{\omega_1}{f_1} + \frac{\omega_2}{f_2} = 0$

